# BCS প্রিলি. লেকচার শিট আন্তর্জাতিক বিষয়াবলি

লেকচার ০৭

## Lecture Contents

**স্নায়ুযুদ্ধ-১:** স্নায়ু যুদ্ধ পরবর্তী মাত্রা, গর্বাচেভ, গ্লাসনস্ত, পেরেস্ত্রৈকা, Globalization, ট্রুম্যান ডকট্রিন, মার্শাল প্লান, Cominform, ব্রাসেলস্ চুক্তি, Warsaw Pact, SEATO, CENTO, ভিয়েতনাম যুদ্ধ, আইজেনহাওয়ার মতবাদ, বার্লিন সংকট, কিউবার ক্ষেপণাস্ত্র সংকট প্রভৃতি।

**স্নায়ুযুদ্ধ-২:** স্নায়ুযুদ্ধ ও যুদ্ধোত্তর বিশ্ব, দাঁতাত, SALT (1-2), PTBT, Outer Space Treaty, INF Treaty, ABM, আফগান-সোভিয়েত যুদ্ধ, USSR এর পতন ও সমাপ্তি।

# স্নায়ুযুদ্ধ-১

## স্নায়ু যুদ্ধের পরবর্তী মাত্রা

### স্নায়ুযুদ্ধ: (১৯৪৭-১৯৯১ খ্রি.):

২য় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে বিশ্বে নতুন করে দুই মোড়লশক্তির উত্থান ঘটে। যার একটি হলো মার্কিন যুক্তরাষ্ট্র অন্যটি সোভিয়েত ইউনিয়ন। দুই দেশই তাদের ক্ষমতা বাড়ানোর জন্য প্রতিযোগিতায় লিপ্ত হয়। যুক্তরাষ্ট্রের নেতৃত্বে পুঁজিবাদী বিশ্ব, সোভিয়েত ইউনিয়নের নেতৃত্বে সমাজতান্ত্রিক বিশ্ব এক পতাকাতলে একত্রিত হয়। এই দুই পরাশক্তি সরাসরি যুদ্ধে লিপ্ত না হয়ে কূটনৈতিক, অর্থনৈতিক, সামরিক কলাকৌশলে একে অপরকে পরাজিত করতে লিপ্ত হয়। আর সেই উত্তেজনাকর সময়কেই স্নায়ুযুদ্ধ বা Cold War হিসেবে আখ্যায়িত করা হয়।

### Rising of Mikhail Gorbachev (গর্বাচেভের উত্থান):

গর্বাচেভ ১৯৮৫ সালের ১১ই মার্চ সোভিয়েত কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক নির্বাচিত হন। অত্যন্ত দক্ষতার সাথে তিনি দ্রুত সোভিয়েতের প্রেসিডেন্ট পদে অধিষ্ঠিত হন। তিনি "অখন্ড ইউরোপের স্বপ্নদ্রষ্টা" হিসেবে ইউরোপ ও পশ্চিমা বিশ্বে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও গ্রহণযোগ্য ব্যক্তিত্ব হিসেবে প্রতিষ্ঠিত হন।

১. যোসেফ স্টালিনের প্রবর্তিত পঞ্চবার্ষিক পরিকল্পনার বদলে "৫০০ দিনের পরিকল্পনা" এর মাধ্যমে তিনি সমাজতন্ত্রের ভিত্তি কিছুটা নড়াতে সক্ষম হন।
২. সোভিয়েতের কট্টর রেশনভিত্তিক অর্থনীতির পরিবর্তে "বাজারভিত্তিক অর্থনীতি" প্রবর্তন করে কমিউনিস্ট বিরোধী আগ্রহ সৃষ্টিতে সমর্থ হন।
৩. সমগ্র ইউরোপে একত্রীকরণ করার সিদ্ধান্তের মাধ্যমে তিনি সোভিয়েতকেও পুঁজিবাদী রাষ্ট্র করার ইঙ্গিত প্রদান করেন।
৪. রাশিয়ার অধীনে থাকা বাকি ১৪টি রাষ্ট্র গর্বাচেভের কথায় চরম সমর্থন প্রদান করে এই স্বার্থে যে, গর্বাচেভের মাধ্যমেই তাদের রাশিয়া থেকে বেরিয়ে এসে স্বাধীন হওয়া সম্ভব।

### Glasnost (খোলামেলা আলোচনা):

মিখাইল গর্বাচেভ ১৯৮৫ সালে সোভিয়েত ইউনিয়নের ক্ষমতায় আসার পর তিনি সর্বমহলে একজন গ্রহণযোগ্য রাজনীতিবিদ হিসেবে পরিচিত লাভ করেন। তাকে উদ্দেশ্য করে তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচার বলেছিলেন "আমি গর্বাচেভকে পছন্দ করি। আমরা একসঙ্গে কাজ করতে পারি"। গর্বাচেভ ক্ষমতা গ্রহণের পরপরই তার পূর্বসূরি ব্রেজনেভের কর্কট ও আগ্রাসী নীতি পরিত্যাগ করে খোলামেলা আলোচনার নীতি ঘোষণা করেন যা গ্লাসনস্ত নামে পরিচিত।

এছাড়াও তিনি সোভিয়েত ইউনিয়নের আমূল পরিবর্তনের জন্য পেরেস্ত্রইকা নামে আরেকটি নীতির ঘোষণা করেন। তিনি দেশে অবাধে জমিজমা ক্রয়ে/বিক্রয়ে ফরমান জারি করেন এবং জনগণ ধীরে ধীরে সমাজতন্ত্রের ভুলত্রুটিগুলো চিহ্নিত করতে শুরু করে এবং স্বাধীনভাবে মতামত প্রকাশের সুযোগ পায়। তারা কমিউনিস্ট পার্টির কঠোর শৃংঙ্খলার বিরুদ্ধে জেগে ওঠে ও স্বাধীনতা প্রত্যাশা শুরু করে।

১৯৮৬ সালে গর্বাচেভ সোভিয়েত ভাঙ্গার সবচেয়ে গুরুত্বপূর্ণ পদ্ধতি গ্লাসনস্ত নামক খোলামেলা আলোচনা চালু করলে সমাজের প্রায় সকল শ্রেণি কমিউনিজমের তীব্র সমালোচনা শুরু করে। এতে সমাজতন্ত্র ভাঙ্গনের পথ সোজা হয়ে যায়।

## এক কথায় উত্তর

১. **স্নায়ুযুদ্ধের ব্যাপ্তিকাল কত?**
উত্তর: ১৯৪৭-১৯৯১ ।

২. **মিখাইল গর্বাচেভ কত সালে সোভিয়েতের প্রেসিডেন্ট পদে অধিষ্ঠিত হয়?**
উত্তর: ১৯৮৫ ।

৩. **৫০০ দিনের পরিকল্পনা গ্রহণ করেন কে?**
উত্তর: মিখাইল গর্বাচেভ ।

৪. **সোভিয়েত ইউনিয়নের পতন হয়েছে কত সালে?**
উত্তর: ১৯৯১ সালে ।

৫. **গর্বাচেভ 'গ্লাসনস্ত' নীতি চালু করেন কত সালে?**
উত্তর: ১৯৮৬ সালে ।

## Teacher's Work

১. **গ্লাসনস্ত ও পেরেস্ত্রইকা নীতির প্রবক্তা কে?**
ক মিখাইল গর্বাচেভ  খ জোসেফ স্টালিন
গ চার্চিল  ঘ নিকোলাস  ক

২. **পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রবর্তক কে?**
ক চার্চিল  খ মিথাইল গর্বাচেভ
গ জোসেফ স্টালিন  ঘ রুজভেল্ট  গ

৩. **'Cold War' হচ্ছে**
ক শীতকালীন যুদ্ধ  খ যুদ্ধের নাম
গ স্নায়ুযুদ্ধ  ঘ যুদ্ধবিরতি  গ

৪. **সাবেক সোভিয়েত ইউনিয়নে গর্বাচেভ ক্ষমতাসীন হয়েছিলেন?**
ক ১৯৮৫ সালে  খ ১৯৮৬ সালে
গ ১৯৮৭ সালে  ঘ ১৯৯০ সালে  ক

# Globalization

১. বিশ্বে প্রথম গণতন্ত্রের যাত্রা শুরু হয়েছিল প্রাচীন গ্রিসের City State বা নগর রাষ্ট্র এথেন্সে ।
২. প্রাচীন গ্রিসকে গণতন্ত্রের সূতিকাগার বলা হয় । বিশ্বের জ্ঞান-বিজ্ঞানের যাত্রাও এখান থেকেই প্রাতিষ্ঠানিকভাবে সূচিত হয় ।
৩. ১২১৫'র ম্যাগনাকার্টা নামক ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল গৃহীত হয় রাজা জনের সময় ।
৪. এর পূর্বে ইউরোপের রাজাকে God's Representative বা স্রষ্টার প্রতিনিধি মনে করা হতো ।
৫. ম্যাগনাকার্টাতে লেখা ছিল: A King Can Do No Wrong.
৬. ১৬৮৮ সালে ইংল্যান্ডের Glorious Revolution এর মাধ্যমে ইংল্যান্ডের শাসন ব্যবস্থা বৃটিশ পার্লামেন্টের হাতে চলে যায় ।
৭. গ্রেট ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন স্যার রবার্ট ওয়ালপল ।
৮. চর্তুদশ শতকে ইতালির ফ্লোরেন্সে রেনেসাঁ বা পুনর্জাগরণের মাধ্যমে বিশ্বে নতুন করে মুক্ত বুদ্ধির যাত্রা শুরু হয় ।
৯. ১৭৪০ থেকে ১৮৫০ পর্যন্ত ইংল্যান্ডে Industrial Revolution এর যাত্রা শুরু হয়ে জার্মানিতে শেষ হয় ।
১০. ১৬৮৯ সালে নাগরিক অধিকারের সনদ হিসেবে বৃটিশ Bill of Rights গৃহীত হয় । বিশ্বের প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে বৃটেনে ।
১১. ১৭৮৯ সালের ১৪ই জুলাই স্বাধীনতা- সাম্য-ভ্রাতৃত্ব ব্যানারে ষোড়শ লুইকে বাস্তিল প্রাসাদ থেকে উচ্ছেদের মাধ্যমে French Revolution এর মাধ্যমে জনগণের সার্বভৌমত্বের ধারণাটি প্রতিষ্ঠিত করা হয় ।
১২. Rousseau বলেন "The man is born free but everywhere he is in chain"
১৩. ম্যান অব ডেস্টিনি, ম্যান অব লিটল কর্পোরাল, চাইল্ড অব ফ্রেঞ্চ রেভ্যুলেশন উপাধি ছিলো নেপোলিয়নের ।
১৪. নেপোলিয়ান ইতালির কর্সিকা দ্বীপে জন্মগ্রহণ করে ১৭৯৯ সালে ফ্রান্সের কনস্যুলেটর হন । তিনি ১৮০৪ সালে সম্রাট উপাধি লাভ করেন ।
১৫. নেপোলিয়ান ১৮১৫ সালে বেলজিয়ামের ওয়াটার লু গ্রামের যুদ্ধে বৃটেনের ডিউক অব ওয়েলিংটন (আর্থার ওয়েলেসলি) এর নেতৃত্বে ইউরোপের সম্মিলিত বাহিনীর নিকট পরাজিত হন ।
১৬. ফরাসি বিপ্লবের শিশু নামে পরিচিত নেপোলিয়ান আটলান্টিকের সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসিত হয়ে ১৮২১ সালে মারা যান ।
১৭. বিখ্যাত 'ডাস ক্যাপিটাল' গ্রন্থের লেখক ১৮১৮ সালে জার্মানিতে জন্মগ্রহণকারী কার্ল মার্কস ।
১৮. কাল মার্কস ১৮৪৮ সালে তার বন্ধু ফ্রেডরিক এঞ্জেলস্ এর সাথে খ্যাত "কমিউনিস্ট মেন্যুফেস্টো" বা সমাজতান্ত্রিক ইশতেহার প্রদান করে সাম্যবাদের কথা বলেন ।
১৯. Mode of Production, Surplus Value, Class Struggle, Anomic, Alienation, Socialism প্রভৃতির জনক হলেন কাল মার্কস ।
২০. রাশিয়ার সম্রাটদের বলা হত জার ।
২১. প্রথম পিটার দি গ্রেট, ফ্রেডরিক দি গ্রেট, ক্যাথেরিন দি গ্রেটকে বলা হত জ্ঞানদীপ্ত স্বৈরাচারি ।
২২. জারদের প্রতীক ছিল ঈগল ।
২৩. ১৮৫৪-৫৬ সালে রাশিয়ার সাথে তুর্কিদের ক্রিমিয়ার যুদ্ধের সময় ফ্লোরেন্স নাইটিঙ্গেল (লেডি উইথ দ্য ল্যাম্প) নার্সিং এর প্রবর্তন করেন ।
২৪. রুশ রেভ্যুলেশন, কমিউনিস্ট রেভ্যুলেশন, মার্কসবাদী রেভ্যুলেশন, সমাজতান্ত্রিক রেভ্যুলেশন, সর্বহারা রেভ্যুলেশন, অক্টোবর রেভ্যুলেশন, সাম্যবাদী রেভ্যুলেশন প্রভৃতি নামেও রাশিয়ার এই আন্দোলন পরিচিত ।

২৫. ১৮ মার্চ ১৯১৮ সালে রাশিয়ার রাজধানী পেট্রোগ্রাড থেকে মস্কোতে স্থানান্তর করা হয়।

২৬. ১৯২১ সালের International Communist Conference মাধ্যমে Union Of Soviet Socialist Republic (USSR) নামটি গ্রহণ করা হয়।

২৭. ১৯২৪ সালে লেলিন মারা যান এবং ক্ষমতায় আসেন স্ট্যালিন।

২৮. উন্নয়নের জন্য পঞ্চবার্ষিক পরিকল্পনার জনক রাশিয়া। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা করেন স্ট্যালিন। ১৯৪৫ সালে ইউক্রেনের ইয়াল্টায় জাতিসংঘ প্রতিষ্ঠার ইয়াল্টা সম্মেলন থেকে বিশ্ব ও জাতিসংঘে প্রভাব-প্রতিপত্তির অধিকার নিয়ে রুজভেল্ট ও স্ট্যালিনের মধ্যে দ্বন্দ্বের মধ্য দিয়ে বিশ্বে Cold War বা স্নায়ু যুদ্ধের সূত্রপাত হয়।

২৯. বিশ্বের একমাত্র আণবিক বোমার মালিক ছিল যুক্তরাষ্ট্র। কিন্তু ১৯৪৯ সালে রাশিয়া পারমাণবিক বোমার সফল বিস্ফোরণ চালালে পশ্চিম ইউরোপের পুঁজিবাদী রাষ্ট্রগুলো চরম ভীত হয়ে আমেরিকার সাথে উত্তর আটলান্টিক নামক সামরিক চুক্তি করে, যার নাম NATO।

৩০. ১৯৪৯ সালে উত্তর আটলান্টিক নামে সামরিক চুক্তির মাধ্যমে পশ্চিম ইউরোপের রাষ্ট্রগুলো গঠন করে বিশ্বের সবচেয়ে বড় সামরিক জোট ন্যাটো।

৩১. বর্তমানে ন্যাটোর ৩২টি সদস্য রাষ্ট্র আছে। ন্যাটোর ২টি মুসলিম সদস্য - (তুরস্ক ও আলবেনিয়া)।

৩২. ন্যাটোতে ইউরোপের বাইরের রাষ্ট্র যুক্তরাষ্ট্র ও কানাডা।

৩৩. ন্যাটোর একমাত্র ইউরেশিয়ান রাষ্ট্র 'ইউরোপের রুগ্ন মানব' তুরস্ক।

৩৪. ৪ই এপ্রিল ১৯৪৯ সালে প্রতিষ্ঠিত ন্যাটোর সদর দপ্তর পূর্বে ছিল প্যারিসে। ১৯৬৬ সালে সেটি ব্রাসেলসে নিয়ে যাওয়া হয়।

৩৫. ন্যাটোর বর্তমান প্রধান নরওয়ের জেনস স্টলেনবার্গ।

৩৬. ১৯৪৯ সালে বিশ্বের সবচেয়ে বড় গণতান্ত্রিক দেশ চীন মাও সে তুং এর নেতৃত্বে সমাজতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হলে রাশিয়ার শক্তি আরও বৃদ্ধি পায়।

৩৭. ১৯৬৬ সালে মাও সে তুং এর বিতর্কিত সাংস্কৃতিক সংস্কার এবং গণতন্ত্রের দাবিতে তিয়েন আন মেন স্কয়ারে ১৯৮৯ সালে ছাত্র জনতা একত্রিত হয়ে মিছিল করলে মিছিলে গুলি করে আনুমানিক সাড়ে ৩ হাজার ছাত্র হত্যা করা হয়।

৩৮. ১৯৫০ সালে কোরিয় যুদ্ধে উ. কোরিয়া চীনের এবং দ. কোরিয়া জাতিসংঘের ব্যানারে যুদ্ধ করে।

৩৯. মার্কিন জেনারেল ম্যাক আর্থারের বাড়াবাড়ির কারণে এই যুদ্ধে চীন উত্তর কোরিয়ার সাথে যোগ দেয়। চীনকে সমর্থন দেয় রাশিয়া।

৪০. ১৯৫৩তে শেষ হওয়া এই যুদ্ধে ৩৮° অক্ষরেখা বরাবর পানমুনজান গ্রামকে নো-ম্যান্স ল্যান্ড করে দুই কোরিয়াকে বিভক্ত করা হয়।

৪১. উ. কোরিয়া সমাজতান্ত্রিক ও দ. কোরিয়া পুঁজিবাদী হিসেবে প্রতিষ্ঠিত হয়।

৪২. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পূর্বে কোরিয়া জাপানের অধীনে ছিল।

৪৩. দুই কোরিয়াকে একত্রিত করার জন্য দ. কোরিয়ার প্রেসিডেন্ট কিম দায়ে জং সান সাইন পলিসি গ্রহণ করেছিলেন।

৪৪. বিশ্বের অষ্টম পারমাণবিক শক্তিধর দেশ উত্তর কোরিয়া।

৪৫. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পূর্বে ইন্দোচীন অঞ্চল ফ্রান্সের অধীনে ছিল।

৪৬. ১৯৪২ সালে জাপান এই অঞ্চল দখল করে।

৪৭. ১৯৪৫ সালে জাপান পরাজিত হয়, তখন চীনের সমর্থন নিয়ে হো চি মিন প্রেসিডেন্ট হলে ফ্রান্স আবার এই অঞ্চল নিয়ন্ত্রণ নিতে আসলে ভিয়েতনাম যুদ্ধ বাঁধে।

৪৮. ভিয়েতনাম যুদ্ধে চীন ভিয়েতনামকে এবং মার্কিনীরা ফ্রান্সকে সহায়তা করলে এটি বৈশ্বিক যুদ্ধে রূপ লাভ করে।

৪৯. ১৯৫৪ তে রাশিয়া-চীনের সহায়তাতে ভিয়েতনামের ডিয়েন বিয়েন ফুতে ফ্রান্সকে পরাজিত করে এবং জেনেভা সম্মেলনের মাধ্যমে ১৭° ভৌগোলিক রেখা বরাবর দুই ভিয়েতনাম বিভক্ত হয়।

৫০. ১৯৫৬ সালে দুই ভিয়েতনাম একত্রিত থাকার কথা থাকলেও মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে উত্তর ভিয়েতনামের হো চি মিন সরকারের যুদ্ধ বেধে যায়।

৫১. ১৯৭৫ সালে এই যুদ্ধ যখন শেষ হয় তখন ৫৮,০০০ মার্কিন সৈন্য মারা যায় এবং ১৯৭৬ সালে দুই ভিয়েতনাম এক হয়।

৫২. ১৯৫৯ সালে কিউবাতে স্বৈরশাসক জেনারেল বাতিস্তাকে সরিয়ে ফিদেল ক্যাস্ট্রো ১৯৬০ সালে কিউবাকে সমাজতান্ত্রিক রাষ্ট্রে পরিণত করে।

৫৩. এতে কিউবাতে সোভিয়েত মিসাইল স্থাপন করা নিয়ে ১৯৬২ সালে বিখ্যাত কিউবা মিসাইল ক্রাইসিসে প্রায় তৃতীয় বিশ্বযুদ্ধ বেঁধেই গিয়েছিল।

৫৪. কিউবার বিখ্যাত ক্ষেপণাস্ত্র সংকট বাঁধে মার্কিন প্রেসিডেন্ট জন এফ কেনেডি ও রুশ প্রেসিডেন্ট নিকিতা ক্রুশ্চেভের মধ্যে।

৫৫. এর মাধ্যমে মস্কো ও ওয়াশিংটনের মধ্যে ১ম হটলাইন স্থাপিত হয়।

৫৬. ন্যাটোকে মোকাবিলা করার জন্য রাশিয়া ১৪ মে ১৯৫৫ তে ৮টি রাষ্ট্র নিয়ে ওয়ারশ নামক সামরিক জোট গঠন করেছিল। মস্কোতে সদর দপ্তর করা এই জোটটি ১৯৯১ সালে সোভিয়েত ভাঙ্গার সাথে সাথে ভেঙ্গে যায়।

৫৭. বাল্টিক থেকে আড্রিয়াট্রিক সাগর পর্যন্ত পুঁজিবাদী পশ্চিম ও সমাজতান্ত্রিক পূর্ব ইউরোপের যোগাযোগ বন্ধ হয়ে যায়। একে আয়রন কার্টেল বা লৌহ-যবনিকা বলা হয়।

৫৮. ১৯৭৮ সালে সোভিয়েত সেনাবাহিনী আফগানিস্তানে প্রবেশ করানোই ছিল সোভিয়েতের সবচেয়ে বড় ভুল।

৫৯. কারণ এতে মুসলিম বিশ্ব সোভিয়েতের বিরুদ্ধে চলে গেলে উসামা বিন লাদেন, আহম্মেদ শাহ মাসুদ, বুরহান উদ্দীন রাব্বানি, গুলবুদ্দিন হেকমতিয়া প্রভৃতিদের নেতৃত্বে ১৯৮৯ সালে আফগান থেকে মুসলিম জঙ্গিদের মার খেয়ে রাশিয়া বিতাড়িত হলে তার পতন ত্বরান্বিত হয়।

৬০. ১৯৮৫ সালে প্রেসিডেন্ট হন এক ইউরোপের স্বপ্নদ্রষ্টা, ৫০০ দিনের পরিকল্পনার জনক, সোভিয়েত বাজার অর্থনীতির প্রবক্তা মিখাইল গর্বাচেভ।

৬১. তিনি ১৯৮৫-৮৬তে Glasnost বা খোলামেলা আলোচনা এবং ১৯৮৭তে পেরেস্ত্রইকা বা অর্থনৈতিক সংস্কার চালু করলে সবাই সমাজতন্ত্রের প্রকাশ্য বিরোধিতা করতে থাকে।

৬২. আফগানের কাছে সোভিয়েতের পরাজয়ের ফলে রাশিয়ার শক্তি সম্পর্কে তার অধীনে ১৪টি রাষ্ট্র সন্দিহান হয়ে পড়ে।

৬৩. তারা স্বাধীনতার জন্য আন্দোলন করলে আনুষ্ঠানিকভাবে ২৫শে ডিসেম্বর ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫টি রাষ্ট্র সৃষ্টি হয়।

৬৪. স্নায়ুযুদ্ধে রাশিয়ার পরাজয়ের মধ্য দিয়ে দ্বি-মেরু বিশ্বব্যবস্থার পরিবর্তে পুঁজিবাদ নির্ভর এক মেরু বিশ্বব্যবস্থার উদ্ভব হয়।

৬৫. সোভিয়েত ইউনিয়নের শেষ প্রেসিডেন্ট মিখাইল গর্বাচেভ। সমাজতান্ত্রিক রাশিয়ার সর্বশেষ এবং গণতান্ত্রিক রাশিয়ার সর্বপ্রথম প্রেসিডেন্ট বরিস ইয়েলৎসিন।

৬৬. দ্বি-মেরু বা পুঁজিবাদ ও সাম্যবাদ অথবা গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক বিশ্বের বদলে ১৯৯১ এর পর মার্কিন নিয়ন্ত্রনে গণতন্ত্র ও পুঁজিবাদ নির্ভর যে একক বিশ্ব ব্যবস্থার প্রবর্তন হয় তাকে New World Order বলে।

৬৭. মার্শাল ম্যাকলুহান তার **The Understanding Media** গ্রন্থে বলেন প্রযুক্তির ব্যবহারের ফলে বিশ্ব এখন এত ছোট হয়ে গেছে যে, কয়েক সেকেন্ড এর মধ্যে বিশ্বের সব স্থানে যোগাযোগ করা যায়।

৬৮. তাই তিনি বিশ্বকে **Global Village** নামে আখ্যায়িত করেছেন।

৬৯. বিশ্বের মানুষের ক্রমাগত বিশ্বের একক সংস্কৃতির সাথে সম্পৃক্ততাকে তিনি **Globalization** নামে আখ্যায়িত করেছেন।

## এক কথায় উত্তর

১. **বিশ্বের প্রথম গণতন্ত্রের যাত্রা শুরু হয়েছিল?**
**উত্তর:** প্রাচীন গ্রিসে।

২. **গণতন্ত্রের সূতিকাগার বলা হয়?**
**উত্তর:** গ্রিসকে।

৩. **'ম্যাগনাকার্টা' শাসনতন্ত্র গৃহীত হয় কবে?**
**উত্তর:** ১২১৫ সালে।

৪. **ইংল্যান্ডে 'Glorious Revolution' হয় কত সালে?**
**উত্তর:** ১৬৮৮।

৫. **ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন কে?**
**উত্তর:** রবার্ট ওয়ালপল।

৬. **'রেনেসাঁ' শুরু হয় কোথায়?**
**উত্তর:** ইতালির ফ্লোরেন্স।

৭. **রাশিয়ার রাজধানী কত সালে মস্কোতে স্থানান্তর করা হয়?**
**উত্তর:** ১৯১৮।

৮. **কত সালে লেলিন মারা যায়?**
**উত্তর:** ১৯২৪।

৯. **পঞ্চবার্ষিক পরিকল্পনার জনক কোন দেশ?**
**উত্তর:** রাশিয়া।

১০. **The man is born free but everywhere he is in chain- কার উক্তি?**
**উত্তর:** রুশো।

১১. **নেপোলিয়ান 'সম্রাট' উপাধি লাভ করেন কবে?**
**উত্তর:** ১৮০৪ সালে।

১২. **কার্ল মার্কস কত সালে জন্ম গ্রহণ করেন?**
**উত্তর:** ১৮১৮ (জার্মানি)।

১৩. **'Alienation' তত্ত্বটি প্রদান করেন কে?**
**উত্তর:** কার্ল মার্কস।

১৪. **'জার' বলা হত কোন দেশের সম্রাট কে?**
**উত্তর:** রাশিয়া।

১৫. **'ওয়ারশ' নামক সামরিক জোট গঠন হয়েছিল কবে?**
**উত্তর:** ১৯৫৫ সালে (৮টি রাষ্ট্র)

১৬. **বিশ্বের অষ্টম পারমানবিক শক্তিধর দেশ কোনটি?**
**উত্তর:** উত্তর কোরিয়া।

১৭. **'New World Order' এর প্রবর্তন করে কোন দেশ?**
**উত্তর:** যুক্তরাষ্ট্র।

১৮. **বিশ্বের প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে কোন দেশে?**
**উত্তর:** বৃটেন।

## Teacher's Work

১. **কোন সংকটকে কেন্দ্র করে ১৯৫০ সালে 'শান্তির জন্য ঐক্য প্রস্তাব' জাতিসংঘের মাধ্যমে পেশ করা হয়?** [৩৬তম বিসিএস]
ক) ভিয়েতনাম সংকট  খ) সাইপ্রাস সংকট
গ) কোরিয়া সংকট  ঘ) প্যালেস্টাইন সংকট
**গ**

২. **'ডমিনো' তত্ত্বটি কোন অঞ্চলের জন্য প্রযোজ্য ছিল?** [৩৫তম বিসিএস]
ক) নিকট প্রাচ্য  খ) পূর্ব আফ্রিকা
গ) দক্ষিণ-পূর্ব এশিয়া  ঘ) পূর্ব ইউরোপ
**গ**

## ট্রুম্যানের নীতি (Truman's Doctrine)

১৯৪৭ সালের ১২ মার্চ মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি ট্রুম্যানের ভাষণের মাধ্যমে সোভিয়েত ইউনিয়নকে প্রতিরোধের নীতি ঘোষিত হয়। তিনি গ্রিস এবং তুরস্কে কমিউনিস্ট প্রভাব ধ্বংস এবং সোভিয়েত ইউনিয়নের প্রভাব বিস্তারের সম্ভাবনা নির্মূল করার জন্য ৪০০ মিলিয়ন ডলার সাহায্য দান এবং সামরিক মিশন প্রেরণের জন্য কংগ্রেসের অনুমোদন দাবি করেন।

স্বাধীন দেশসমূহ তাদের স্বাধীনতা রক্ষার জন্য মার্কিন সাহায্য প্রত্যাশী। ট্রুম্যান ঘোষণা করেন, যে সব স্বাধীন মানুষ দেশের অভ্যন্তরীণ সশস্ত্র সংখ্যালঘু এবং বাইরের চাপ প্রতিরোধ করছে মার্কিন যুক্তরাষ্ট্র তাদের সাহায্যে এগিয়ে যাবে। ট্রুম্যান নীতির মূল লক্ষ্য ছিল পারস্য অঞ্চলে সোভিয়েত ইউনিয়নের প্রভাব প্রতিরোধের নামে ইরানের তৈল-সম্পদকে নিজের নিয়ন্ত্রণে রাখা। মধ্যপ্রাচ্যে মার্কিন নীতি মূলত খনির তেলকে কেন্দ্র করেই শুরু হয়। ট্রুম্যান-এর মতে, যুদ্ধে যদি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে রাশিয়া বা ইরানের তেল-সম্পদ নিয়ন্ত্রণ করতে পারা যায়, তাহলে বিশ্বে কাঁচামালের ভারসাম্য বিশেষভাবে পরিবর্তিত হবে। পাশ্চাত্যের অর্থনীতির ক্ষেত্রে এটা একটি বিরাট ক্ষতির কারণ হয়ে দাঁড়াবে। ট্রুম্যান বিচ্ছিন্ন থাকার নীতি বর্জনের ঘোষণা দিয়ে বলেন।

প্রথমত, যেখানে প্রত্যক্ষ এবং পরোক্ষ আগ্রাসনের ফলে শান্তি এবং নিরাপত্তা বিঘ্নিত হবার সম্ভাবনা দেখা দিবে, সেখানেই মার্কিন যুক্তরাষ্ট্র এগিয়ে আসবে। ট্রুম্যানের এই ঘোষণা সোভিয়েত ইউনিয়নের সাথে দীর্ঘস্থায়ী শান্তি প্রতিষ্ঠার পরিপন্থি ছিল। মতাদর্শগত বিরোধের মাধ্যমে বিশ্ব যে দুটি শিবিরে বিভক্ত হয়, তার ধারণা ঐ ঘোষণায় নিহিত ছিল।

দ্বিতীয়ত, ট্রুম্যান নতুন নীতির মাধ্যমে বিশ্বকে জানিয়ে দিলেন যে, মার্কিন হস্তক্ষেপ ও সক্রিয়তা কেবল গ্রিস এবং তুরস্কেই সীমিত থাকবে না। ফ্রান্স, গ্রেট ব্রিটেন, ইতালি এবং জার্মানির দুর্বলতা ও সংকটের ফলে যে পরিস্থিতি ও শূন্যতা সৃষ্টি হয়, মার্কিন যুক্তরাষ্ট্র সেই শূন্যতা পূরণের মাধ্যমে ইউরোপে তার প্রভাবের এলাকাকে বৃদ্ধিতে আগ্রহী।

তৃতীয়ত, মার্কিন যুক্তরাষ্ট্র তার 'শক্তির অবস্থান' (Position of Strength) থেকে সোভিয়েত ইউনিয়ন প্রতিরোধে বদ্ধ পরিকর।

চতুর্থত, মার্কিন যুক্তরাষ্ট্র জাতিসংঘের ওপর আস্থা স্থাপন না করে এককভাবে নিজের শক্তির উপর নির্ভরশীলতা ঘোষণা করেছে। সে নিজেকে বিশ্বের স্ব-নির্বাচিত অভিভাবকে পরিণত করেছে।

ট্রুম্যানের ঘোষিত নীতি মূলত চার্চিলের ফুলটন ভাষণের ব্যবহারিক দিক। গ্রিস ও তুরস্ককে সাহায্য দানের দাবি জানিয়ে তিনি উল্লেখ করেছিলেন, "দ্বিতীয় বিশ্বযুদ্ধে জয়ী হবার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র ৩,৪১,০০,০০,০০,০০০ ডলার ব্যয় করেছে। এ বিনিয়োগ হলো বিশ্বের স্বাধীনতা এবং শান্তির জন্য। গ্রিস এবং তুরস্কের জন্য আমি যে সাহায্যের সুপারিশ করছি, তা ঐ বিনিয়োগের এক-দশমাংশের একটু বেশি। এটা সাধারণ ধারণা যে, আমরা বিনিয়োগ করবো এবং তা যেন ব্যর্থ না হয় তার চেষ্টা করবো। এই মুহূর্তে প্রত্যেক জাতিকে দুটি জীবনধারার মধ্যে একটি বেছে নিতে হবে। [Congressional Record, Vol 93, 47, March 12, 1947, P-2000]

## মার্শাল পরিকল্পনা (Marshall Plan)

সাম্যবাদকে প্রতিরোধের জন্য মার্কিন যুক্তরাষ্ট্র অর্থনৈতিক হাতিয়ার প্রয়োগ করেছে। মার্কিন যুক্তরাষ্ট্র সম্যকরূপে উপলব্ধি করতে পেরেছিল, ইউরোপ এবং অন্যত্র সাম্যবাদের প্রভাব এবং প্রসার রোধের ফলপ্রসূ মাধ্যম হলো অর্থনৈতিক সাহায্য। ইউরোপের অর্থনৈতিক পুনরুজ্জীবন ব্যতীত সাম্যবাদের প্রসার রোধ করা সম্ভব নয়, একথা মার্কিন সরকারের কর্ণধারগণ অনুভব করেছিলেন। এ অর্থনৈতিক পুনরুজ্জীবনের উদ্যোগ ট্রুম্যান-নীতির প্রয়োগগত দিক।

১৯৪৭ এর ৫ জুন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জর্জ সি মার্শাল হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে ইউরোপের অর্থনৈতিক পুনরুজ্জীবন সম্পর্কে মার্কিন নীতি ব্যাখ্যা করেন। তিনি ঘোষণা করেন, মার্কিন যুক্তরাষ্ট্রের নীতি কোনো দেশ বা মতাদর্শের বিরুদ্ধে নয়। এই নীতি ক্ষুধা, দারিদ্র্য, হতাশা এবং বিশৃঙ্খলার বিরুদ্ধে। এর লক্ষ হবে, বিশ্বে একটি সক্রিয় অর্থনীতির পুনরুত্থান। এর লক্ষ হবে এমন রাজনৈতিক এবং অর্থনৈতিক পরিস্থিতি গড়ে তোলা, যেখানে স্বাধীন প্রতিষ্ঠানের পক্ষে অস্তিত্ব বজায় রাখা সম্ভব। তাছাড়া তিনি ইউরোপকে অর্থনৈতিক দিক দিয়ে স্বাবলম্বী করার মার্কিন কর্মসূচি ঘোষণা করেন। মার্শালের বক্তব্যের মধ্য দিয়ে মার্কিন- সোভিয়েত বিরোধিতা স্পষ্ট হয়ে ওঠে। ১৯৪৭- এর শেষদিকে এবং ১৯৪৮-এর প্রথমদিকে ১৬টি দেশের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের আলোচনা হয়। চার বছরের জন্য তাদের ১৭ বিলিয়ন ডলার সাহায্যদানের চুক্তি হয়। ১৯৪৮ সালের এপ্রিল মাসে মার্শাল পরিকল্পনা চালু হয়। ইউরোপের ঐক্য সাধন ঐ পরিকল্পনার মাধ্যমেই শুরু হয়। হ্যারিম্যান- এর মতে, যুদ্ধের অব্যবহিত পরে ইউরোপে কমিউনিস্টদের প্রচ-চাপ ছিল। মার্শাল পরিকল্পনার মাধ্যমে তা প্রতিরোধ করা হয়।

## ব্রাসেলস চুক্তি

**পূর্ণ নাম:** অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সহযোগিতা এবং সম্মিলিত স্ব-প্রতিরক্ষা চুক্তি
**স্বাক্ষরিত:** ১৭ মার্চ ১৯৪৮
**কার্যকর:** ২৫ আগস্ট ১৯৪৮
**অবস্থান:** ব্রাসেলস, বেলজিয়াম
**স্বাক্ষরকারী:** বেলজিয়াম, ফ্রান্স, লুক্সেমবার্গ, নেদারল্যান্ড, যুক্তরাজ্য।

## WARSAW PACT

১. প্রতিষ্ঠিত হয়: ১৪ মে ১৯৫৫ সালে।
২. সদর দপ্তর: মস্কো, রাশিয়া।
৩. উদ্দেশ্য ছিল: পুঁজিতান্ত্রিক দেশসমূহের আগ্রাসন প্রতিহত করা।
৪. NATO এর পাল্টা জোট বলা হতো : WARSAW PACT কে।
5. WARSAW PACT -এর মূলমন্ত্র ছিল: "Union of peace and socialism"
৬. WARSAW PACT বিলুপ্ত হয়: ১ জুলাই ১৯৯১

## SEATO

| পূর্ণরূপ- South East Asia Treaty Organization | |
|---|---|
| প্রতিষ্ঠা | ৮ সেপ্টেম্বর, ১৯৫৪ সালে |
| অপর নাম | ম্যানিলা চুক্তি |
| উদ্দেশ্য | মার্কিন যুক্তরাষ্ট্রের সহায়তায় দক্ষিণ-পূর্ব এশিয়ায় কম্যুনিজম প্রসার রোধ করা |
| সদর দপ্তর | ব্যাংকক, থাইল্যান্ড |
| বিলুপ্ত | ৩০ জুন, ১৯৭৭ সালে |

## CENTO

ইরাক ও তুরস্ক পারস্পরিক স্বার্থ রক্ষার জন্য ১৯৫৫ খ্রিস্টাব্দের ২৪শে ফেব্রুয়ারি মধ্যপ্রাচ্যে সোভিয়েত বিরোধী একটি সামরিক জোট গঠন করে। এটিই কেন্দ্রীয় চুক্তি সংস্থা বা সেন্টো (CENTO Central Treaty Organisation) নামে পরিচিত। পরে ব্রিটেন, পাকিস্তান ও ইরান এই সংস্থায় যোগ দেয়। মার্কিন যুক্তরাষ্ট্র প্রত্যক্ষভাবে এই চুক্তিতে যোগ না দিয়ে শক্তি জোটের সামরিক কমিটিতে যোগদান করে।

## বার্লিন সংকট

৫০ এর দশকের শেষ এবং ৬০ এর দশকের শুরুতে ইউরোপে স্নায়ুযুদ্ধের পুরনো কেন্দ্র বার্লিনে আবার নতুনভাবে উত্তেজনা শুরু হয়। এসময় সোভিয়েত নেতৃবৃন্দ দাবি করতে থাকে যে, পশ্চিম বার্লিনকে পূর্ব জার্মানির নিকট হস্তান্তর করতে হবে। কারণ পশ্চিম বার্লিন ছিলো পূর্ব জার্মানির অভ্যন্তরে অবস্থিত। ১৯৫৮-৫৯ সালের দিকে এই দাবি ক্রমশ জোরালো হতে থাকে।

১৯৪৯ থেকে ১৯৬১ সাল পর্যন্ত প্রায় ২৭ লাখ মানুষ পূর্ব জার্মানি থেকে পশ্চিম বার্লিন হয়ে পশ্চিম জার্মানিতে চলে যায়। যার অর্ধেকই আশ্রয় নেয় পশ্চিম জার্মানিতে। এদের অধিকাংশই ছিলো ডাক্তার, প্রকৌশলী ও অধ্যাপক। এর ফলে পূর্ব জার্মানিতে দক্ষ লোকবল কমে যেতে শুরু করে। এ সকল কারণে পূর্ব জার্মানির সরকার সিদ্ধান্ত গ্রহণ করে যে, পশ্চিম জার্মানির চারপাশে একটা দুর্ভেদ্য দেয়াল গড়ে তুলতে হবে, যাতে করে লোকজন পশ্চিম জার্মানিতে যেতে না পারে।

"১৯৬১ সালের গ্রীষ্মকালে বার্লিন সংকটের তাপমাত্রা ক্রমশ বাড়তে থাকে। আগস্ট মাসে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জনসন (Lyndon B. Johnson) বার্লিন সফর করেন এবং পশ্চিমা জাকজমকপূর্ণ জীবন যাপনের প্রতি সকলকে আকৃষ্ট করেন। সোভিয়েত পরামর্শে পূর্ব জার্মান সরকার ১২ ও ১৩ আগস্টের রাতের মধ্যে পূর্ব জার্মান নাগরিকদের বহির্গমন রোধকল্পে পূর্ব ও পশ্চিম বার্লিনের মধ্যবর্তী এক সিমেন্টের দেয়াল (Concrete Wall) গেঁথে তোলে। একে বার্লিন দেয়াল (Berlin Wall) বলা হয়।

পশ্চিম জার্মানির অধীন বার্লিন দেয়ালে বিভিন্ন চিত্র অঙ্কন করা হয়। আর পূর্ব জার্মানির দেয়ালের দিকে No Mans Land করা হয়। এই বার্লিন দেয়াল শেষ পর্যন্ত ১৯৮৯ সালে পূর্ব জার্মানির মানুষ ভেঙ্গে ফেলে। স্নায়ু যুদ্ধের সময়ে কমিউনিস্ট শাসিত পূর্ব জার্মানি ২৮ বছরের বেশি সময় ধরে বিভক্ত করে রাখে বার্লিন নগরকে।

পশ্চিমা বিশ্বের মুক্ত গণতান্ত্রিক পরিবেশ ও বহুগুণে আর্থিক স্বাচ্ছন্দ্যের আকর্ষণে পূর্ব জার্মানি থেকে বার্লিন প্রাচীর অতিক্রম করতে গিয়ে রক্ষীদের গুলিতে দেয়ালেই অন্তত ১৩৬ জনের মৃত্যু হয়। সার্বিকভাবে পূর্ব জার্মানি থেকে পালিয়ে পশ্চিম জার্মানিতে প্রবেশ করতে গিয়ে প্রায় ৭০০ জনের মৃত্যু হয়।

## কিউবার ক্ষেপণাস্ত্র সংকট

১৯৫৯ সালে কিউবায় সমাজতান্ত্রিক বিপ্লবীরা যুক্তরাষ্ট্রের মদদপুষ্ট স্বৈরশাসক বাতিস্তাকে উৎখাত করে ক্ষমতায় অধিষ্ঠিত হয়। 'কিউবা বিপ্লব' এর নেতৃত্ব দেন ফিদেল ক্যাস্ট্রো এবং চে গুয়েভারা। ক্যাস্ট্রোর আত্মজীবনী 'The Strategic Victory' তে ঘটনাবহুল 'কিউবা বিপ্লব' এর বিশদ বিবরণ পাওয়া যায়। যুক্তরাষ্ট্র কিউবার সমাজতান্ত্রিক সরকারকে সহজভাবে গ্রহণ করেনি। ১৯৬১ সালে মার্কিন প্রশাসন ভাড়াটে কিউবানদের দিয়ে কিউবার বিপ্লবী সরকারকে উৎখাত করার ব্যর্থ প্রচেষ্টা ('বে অব পিগস' অভিযান) চালায়। এ ঘটনার প্রেক্ষিতে সোভিয়েত ইউনিয়ন কিউবার নিরাপত্তা নিশ্চিত করার উদ্যোগ নেয়। ১৯৬২ সালে সোভিয়েতরা কিউবায় ক্ষেপনাস্ত্র ঘাঁটি স্থাপন করে। ওই ক্ষেপনাস্ত্রগুলো দিয়ে যুক্তরাষ্ট্রের বড় বড় শহরে আঘাত হানা যেত। এতে যুক্তরাষ্ট্র আতঙ্কগ্রস্থ হয়ে পড়ে। যুক্তরাষ্ট্র কিউবা থেকে ক্ষেপনাস্ত্র প্রত্যাহারের দাবি জানায়। কিন্তু সোভিয়েত ইউনিয়ন ঐ দাবি প্রত্যাখ্যান করে ১৯৬২ সালের অক্টোবরে অস্ত্র বোঝাই জাহাজ কিউবায় পাঠায়। যুক্তরাষ্ট্র নৌ-অবরোধ আরোপ করে। মার্কিন যুদ্ধজাহাজ অস্ত্রবোঝাই সোভিয়েত জাহাজের গতিরোধ করে। মুখোমুখি দাঁড়িয়ে যায় দুই পরাশক্তি। এ সময় মার্কিন প্রেসিডেন্ট ছিলেন কেনেডি আর সোভিয়েত ইউনিয়নে ক্রুশ্চেভ। ১৩ দিন এই নৌ-অবরোধ বহাল ছিল। শেষ পর্যন্ত উভয় পরাশক্তি সংযম প্রদর্শন করায় পারমাণবিক যুদ্ধ এড়ানো সম্ভব হয়।



## এক কথায় উত্তর

**১. যুক্তরাষ্টের কোন সাবেক পররাষ্ট্রমন্ত্রী White House Year রচনা করেন?**
উত্তর: কিসিঞ্জার।

**২. স্নায়ু যুদ্ধ সম্পর্কিত 'বেলফোর ঘোষণা' কোন রাষ্ট্রের প্রতিষ্ঠার সঙ্গে সম্পর্কিত?**
উত্তর: ইসরায়েল।

**৩. সোভিয়েত আগ্রাসন মোকাবেলার জন্য ওয়েস্ট পয়েন্টে অবস্থিত যুক্তরাষ্ট্রের?**
উত্তর: মেরিন একাডেমী।

**৪. আজ পর্যন্ত যত সমাজ দেখা গেছে, তাদের প্রত্যেকের ইতিহাস শ্রেণী সংগ্রামের ইতিহাস উক্তিটি কার-**
উত্তর: কার্ল মার্কস।

**৫. 'Ideal bureaucracy' ধারণাটি কার?**
উত্তর: ম্যাক্স ওয়েবার।

**৬. রাশিয়ার বিরুদ্ধে ক্রিমিয়া যুদ্ধে ভূমিকার কারণে নিচের কাকে 'লেডি উইথ দ্য ল্যাম্প' বলা হয়?**
উত্তর: ফ্লোরেন্স নাইটিঙ্গেল।

**৭. প্রথম শিল্প বিপ্লব শুরু হয়েছিল কোন দেশে?**
উত্তর: ইংল্যান্ড।

**৮. প্রথম সমাজতান্ত্রিক বিপ্লব শুরু হয়েছিল কোন দেশে?**
উত্তর: রাশিয়া।

**৯. স্নায়ু যুদ্ধকালীন সোভিয়েতের বিরুদ্ধে প্রতিষ্ঠিত ন্যাটো কোন ধরনের জোট?**
উত্তর: সামরিক।

**১০. সমাজতান্ত্রিক সোভিয়েতের গর্বের প্রতীক পৃথিবীর দীর্ঘতম রেলপথের নাম কী?**
উত্তর: ট্রান্স সাইবেরিয়ান রেলওয়ে।

**১১. কত সালের মধ্যে সোভিয়েত আফগানিস্তান ছেড়ে পালিয়ে গিয়েছিল?**
উত্তর: ১৯৮৯।

**১২. বিখ্যাত মার্শাল প্লানের উদ্ভাবক কে?**
উত্তর: জন মার্শাল।

**১৩. বিখ্যাত ডয়েস প্লান এর জনক কে?**
উত্তর: মি. ডয়েস।

**১৪. সোভিয়েত আগ্রাসন মোকাবিলাতে ডোমিনো থিওরির জনক কে?**
উত্তর: মি. ডালাস।

**১৫. সমাজতন্ত্রের জনক কে?**
**উত্তর:** কার্ল মার্কস ।

**১৬. আন্তর্জাতিক কমিউনিস্ট সম্মেলন অনুষ্ঠিত হয় কত সালে?**
**উত্তর:** ১৯২২ ।

**১৭. সমাজতান্ত্রিক আন্দোলনের জন্য বিখ্যাত রেড স্কয়ার কোথায় অবস্থিত?**
**উত্তর:** মস্কো

**১৮. কোন দেশ আক্রমণের জন্য সমাজতান্ত্রিক রাশিয়ার পতনের শুরু হয়?**
**উত্তর:** আফগানিস্তান ।

**১৯. বর্তমানে সমাজতান্ত্রিক ৫টি রাষ্ট্রের শীর্ষ দেশ?**
**উত্তর:** চীন ।

**২০. রাশিয়াতে রুশ বিপ্লবের নেতৃত্ব প্রদান করেছিলেন কে?**
**উত্তর:** লেনিন ।

**২১. ১৯৬২ সালে রাশিয়া-যুক্তরাষ্ট্রের ক্ষেপনাস্ত্র সংকটের মূলে ছিল কোন দেশ?**
**উত্তর:** কিউবা ।

**২২. ১৯৬১ সালে নিম্নের কোন দেশের ব্রডেনবার্গে বার্লিন প্রাচীর দেওয়ার কারণে আইরন কার্টেন বা লৌহ যবনিকার সূচনা হয়?**
**উত্তর:** জার্মানিতে ।

**২৩. সমাজতন্ত্র বিপরীত বাজার ব্যবস্থায় একজন বিক্রেতা সাধারণভাবে একজন Price taker বিবৃতিটি কোন প্রকার বাজারের ক্ষেত্রে প্রযোজ্য?**
**উত্তর:** মনোপলি প্রতিযোগিতামূলক বাজার ।

**২৪. বিখ্যাত ক্রেমলিন প্রাসাদ কোথায় অবস্থিত?**
**উত্তর:** মস্কো ।

**২৫. স্নায়ু যুদ্ধকালীন কোন বৃটিশ প্রধানমন্ত্রীকে 'স্টিল ম্যাগনোলিয়া ' বলা হয়?**
**উত্তর:** মার্গারেট থ্যাচার ।

**২৬. কত সালে ইংল্যান্ডে 'দরিদ্র আইন' প্রণয়ন এর মাধ্যমে প্রাথমিক সমাজতন্ত্রের ভিত্তি প্রস্তুত হয়?**
**উত্তর:** ১৬০১ ।

**২৭. কোন সম্মেলন থেকে ১৯৪৫ সালে স্নায়ু যুদ্ধ শুরু হয়?**
**উত্তর:** ইয়াল্টা ।

**২৮. বিখ্যাত ডাস ক্যাপিটাল ও কমিউনিস্ট মেনিফেস্টো গ্রন্থের লেখক কে?**
**উত্তর:** কার্ল মার্কস ।



## Teacher's Work

**১. কিউবায় ক্ষেপণাস্ত্র সঙ্কটের সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কে ছিলেন?**
ক) রিচার্ড এম নিক্সন　খ) জন এফ কেনেডি
গ) লিন্ডন বেইনস জনসন　ঘ) হ্যারি এস ট্রুম্যান　**খ**

**২. কিউবা ক্ষেপনাস্ত্র সংকট কোন সালে সংঘটিত হয়?**
ক) ১৯৫৯　খ) ১৯৬১
গ) ১৯৬২　ঘ) ১৯৬৪　**গ**

**৩. বার্লিন প্রাচীর ভেঙ্গে ফেলা হয় কবে?**
ক) ১৯৯৮ সালের ২২ ফেব্রুয়ারি
খ) ১৯৮৯ সালের ৯ নভেম্বর
গ) ১৯৮৯ সালের ১৯ নভেম্বর
ঘ) ১৯৯৮ সালের ৯ নভেম্বর　**খ**

**৪. বিপ্লবী চে গুয়েভারা কোন দেশে নিহত হয়?**
ক) আর্জেন্টিনা　খ) বলিভিয়ায়
গ) কিউবাতে　ঘ) কলম্বিয়ায়　**খ**

**৫. আনুষ্ঠানিকভাবে দুই জার্মানি একত্রিত হয়-**
ক) ২ অক্টোবর, ১৯৯০　খ) ৩ অক্টোবর, ১৯৯০
গ) ৪ নভেম্বর, ১৯৯০　ঘ) ৫ ডিসেম্বর, ১৯৯০　**খ**

**৬. জার্মানির ঐতিহাসিক 'বার্লিন দেয়াল' কখন তৈরি করা হয়?**
ক) ১৯৪৯ সালের ২৩ মে
খ) ১৯৬১ সালের ১৩ আগস্ট
গ) ১৯৬২ সালের ১২ ফেব্রুয়ারি
ঘ) ১৯৬৩ সালের ৩ জুন　**খ**



## Unique Question for Student Practice

**১. 'গ্লাসনস্ত নীতি' কোন দেশে চালু হয়েছিল?**
ক) চীন　খ) সাবেক সোভিয়েত ইউনিয়ন
গ) হাঙ্গেরি　ঘ) পোল্যান্ড　**খ**

**২. The Understanding Media গ্রন্থটি কার?**
ক) মার্শাল ম্যাকলুহান　খ) স্টালিন
গ) জোসেফ মার্শাল টিটো　ঘ) ট্রুম্যান　**ক**

**৩. WARSAW PACT কোন তত্ত্বের বিপরীতে গঠিত হয়েছিল?**
ক) সমাজতান্ত্রিক　খ) পুঁজিবাদী
গ) মৌলবাদ　ঘ) সংরক্ষণবাদ　**খ**

**৪. কোন জোটের বিপরীতে WARSAW PACT গঠিত হয়েছিল?**
ক) NATO　খ) NAM
গ) AFRICOM　ঘ) কোনোটিই নয়　**ক**

**৫. WARSAW PACT এর সদর দপ্তর-**
ক) তুরস্ক　খ) আলবেনিয়া
গ) রাশিয়া　ঘ) ইউক্রেন　**গ**

**৬. বার্লিনের দেওয়াল কোন সালে নির্মিত হয়েছিল?**
ক) ১৯৪৬　খ) ১৯৪৮
গ) ১৯৬১　ঘ) ১৯৬২　**গ**

**৭. বার্লিন প্রাচীর তৈরি করেছিল-**
ক) সাবেক পূর্ব জার্মানি　খ) সাবেক পশ্চিম জার্মানি
গ) দুই জার্মানি একত্রে　ঘ) রাশিয়া　**ক**

**৮. Which country does the great revolutionary 'Fidel Castro' belong to?**
ক) Cuba　খ) USA
গ) Brazil　ঘ) Poland　**ক**

৯. **ফিদেল ক্যাস্ট্রোর আত্মজীবনীমূলক গ্রন্থের নাম কী?**
(ক) The Strategic Victory
(খ) The President of Missing
(গ) Representative Government
(ঘ) The Ministry of Utmost Happines — ক

১০. **জোট নিরপেক্ষ আন্দোলন শুরু হয়?**
(ক) ১৯৪৮ সালে (খ) ১৯৫০ সালে
(গ) ১৯৫৫ সালে (ঘ) ১৯৬১ সালে — ঘ

১১. **পশ্চিম ইউরোপে 'ট্রুম্যান ডকট্রিন' কবে ঘোষণা করা হয়?**
(ক) ১৯৪৭ (খ) ১৯৪৯
(গ) ১৯৫১ (ঘ) ১৯৫২ — ক

১২. **বেনেলাক্স কত সালে গঠিত হয়েছিল?**
(ক) ১৯৪৮ (খ) ১৯৫০
(গ) ১৯৫১ (ঘ) ১৯৫২ — ক

১৩. **ভিয়েতনাম যুদ্ধের সময়সীমা-**
(ক) ১৯৫৫ - ১৯৭৩ (খ) ১৯৫৬ - ১১৯৬৭
(গ) ১৯৬৬ - ১৯৭৭ (ঘ) ১৯৮৭ - ১৯৮৯ — ক

১৪. **আমেরিকার কোন প্রেসিডেন্টের সময় ভিয়েতনাম যুদ্ধ সমাপ্ত হয়?**
(ক) লিন্ডন বি জনসন (খ) রিচার্ড নিক্সন
(গ) জিমি কার্টার (ঘ) জন এফ কেনেডি — খ

১৫. **চে গুয়েভারা কোন দেশে জন্মগ্রহণ করেন?**
(ক) বলিভিয়া (খ) আর্জেন্টিনা
(গ) কিউবা (ঘ) মেক্সিকো — খ

১৬. **চে গুয়েভারা ছিলেন-**
(ক) বলিভিয়ার বিপ্লবী নেতা (খ) পপ সংগীত শিল্পী
(গ) কিউবার বিপ্লবী নেতা (ঘ) উরুগুয়ের লেখক — গ

১৭. **বিপ্লবী চে গুয়েভারা কোন দেশে নিহত হয়?**
(ক) আর্জেন্টিনা (খ) বলিভিয়ায়
(গ) কিউবাতে (ঘ) কলম্বিয়ায় — খ

১৮. **ফিদেল ক্যাস্ট্রো কোন দেশের নেতা?**
(ক) কিউবা (খ) যুক্তরাষ্ট্র
(গ) ব্রাজিল (ঘ) পোল্যান্ড — ক

১৯. **ফিদেল ক্যাস্ট্রোর আত্মজীবনীমূলক গ্রন্থের নাম কী?**
(ক) The Strategic Victory
(খ) The President of Missing
(গ) Representative Government
(ঘ) The Ministry of Utmost Happines — ক

২০. **কিউবায় ক্ষেপণাস্ত্র সংকটের সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কে ছিলেন?**
(ক) রিচার্ড এম নিক্সন (খ) জন এফ কেনেডি
(গ) লিন্ডন বেইনস জনসন (ঘ) হ্যারি এস ট্রুম্যান — খ

২১. **লৌহপর্দা শব্দগুচ্ছ কোন রাষ্ট্রনায়ক ব্যবহার করেন?**
(ক) চার্চিল (খ) রুজভেল্ট
(গ) জর্জ ওয়াশিংটন (ঘ) ট্রুম্যান — ক

২২. **হো চি মিন নগরের পূর্ববর্তী নাম কি ছিল?**
(ক) চিলি (খ) কানাডা
(গ) সাইগন (ঘ) পানাম — গ

২৩. **চে গুয়েভারা-**
(ক) ডাক্তার ও গেরিলা যোদ্ধা (খ) গেরিলা যোদ্ধা
(গ) কবি ও ঔপন্যাসিক (ঘ) নোবেল বিজেতা — ক

২৪. **কিউবায় ক্ষেপণাস্ত্র সংকট হয়-**
(ক) ১৯৫৯ (খ) ১৯৬১
(গ) ১৯৬২ (ঘ) ১৯৬৪ — গ

২৫. **ভিয়েতনাম ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বন্দ্ব নিরসনে কোন চুক্তি স্বাক্ষরিত হয়েছিল?**
(ক) ক্যাম্প ডেভিড চুক্তি (খ) সল্ট-২
(গ) প্যারিস শান্তি চুক্তি (ঘ) ডেটন চুক্তি — গ

২৬. **যুক্তরাষ্ট্রের কোন প্রেসিডেন্টের সময় নক্ষত্র যুদ্ধ প্রোগ্রাম শুরু হয়?**
(ক) রিচার্ড নিক্সন (খ) জিমি কার্টার
(গ) রোনাল্ড রিগ্যান (ঘ) জর্জ বুশ — গ

২৭. **সাবেক সোভিয়েত ইউনিয়নে গর্বাচেভ ক্ষমতাসীন হয়েছিলেন?**
(ক) ১৯৮৫ সালে (খ) ১৯৮৬ সালে
(গ) ১৯৮৭ সালে (ঘ) ১৯৯০ সালে — ক

২৮. **কার সম্বন্ধে মার্গারেট থ্যাচার উক্তি করেন যে, "এই লোকের সাথে আমরা কাজ করতে পারি"?**
(ক) হেনরি কিসিঞ্জার (খ) চৌ এন লাই
(গ) নিকিতা ক্রুসচেভ (ঘ) মিখাইল গর্বাচেভ — ঘ

২৯. **রাশিয়ার কোন প্রেসিডেন্ট দেশে অবাদে জমি কেনা-বেচার অনুমোদন দিয়ে ফরমান জারি করেছিলেন?**
(ক) ক্রুশ্চেভ (খ) ব্রেজনেভ
(গ) গর্বাচেভ (ঘ) বরিস ইয়েলৎসিন — গ

৩০. **কোনটি বিলুপ্ত হয়েছে?**
(ক) ওয়ারশ প্যাক্ট (খ) ন্যাটো
(গ) নাফটা (ঘ) অ্যাপেক — ক

৩১. **সোভিয়েত ইউনিয়ন বিভক্ত হয়ে কতটি দেশ হয়েছে?**
(ক) ১২ (খ) ১৩
(গ) ১৪ (ঘ) ১৫ — ঘ

৩২. **USSR বিলুপ্ত হয় কবে?**
(ক) ২৫ ডিসেম্বর, ১৯৯০ (খ) ২৬ ডিসেম্বর, ১৯৯১
(গ) ১ জানুয়ারি, ১৯৯১ (ঘ) ৩১ জানুয়ারি, ১৯৯১ — খ

৩৩. **সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫টি রাষ্ট্র গঠিত হয়?**
(ক) ১৯৯০ সনে (খ) ১৯৯১ সনে
(গ) ১৯৯৩ সনে (ঘ) ১৯৯৭ সনে — খ

৩৪. **CIS বা কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটস- এর সদস্য সংখ্যা কত?**
(ক) ১৪ (খ) ১২
(গ) ১১ (ঘ) ৯ — ঘ

# Home Work

১. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পূর্ব-পশ্চিম দ্বন্দ্বের ফলে সৃষ্ট পূর্বের অর্থনৈতিক জোটটির নাম ছিল-** [৩৫তম বিসিএস]
ক কমিন্টার্ন খ কমিনফর্ম
গ কমেকন ঘ কোনটিই নয় — গ

২. **কিউবায় ক্ষেপনাস্ত্র সংকটের সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কে ছিলেন?** [২৭তম বিসিএস]
ক রিচার্ড এম নিক্সন খ জন এফ কেনেডি
গ লিন্ডন বেইনস জনসন ঘ হ্যারি এস ট্রুম্যান — খ

৩. **'Cold War' হচ্ছে–** [কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক যুদ্ধের নাম খ শীতকালীন যুদ্ধ
গ স্নায়ুযুদ্ধ ঘ যুদ্ধবিরতী — গ

৪. **জর্জ কেনান মার্কিন কূটনীতির ক্ষেত্রে কেন প্রসিদ্ধ?** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা-'২২]
ক কূটনীতির নতুন ধারণা দেন
খ 'Containment Doctrine'- এর প্রবক্তা
গ Detente প্রক্রিয়ার কর্ণধার
ঘ নিবারক তত্ত্বের জন্মদাতা — খ

৫. **'গ্লাসনস্ত'-এর অর্থ কী?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট -২১]
ক সমাজতন্ত্রের সংগঠন
খ সমাজতন্ত্র ও গণতন্ত্রের মধ্যে সামঞ্জস্য বিধান
গ খোলামেলা আলোচনা
ঘ সমাজতন্ত্রের পরিবর্তে গণতন্ত্র প্রতিষ্ঠান — গ

৬. **'গ্লাসনস্ত নীতি' কোন দেশে চালু হয়েছিল?** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক- ২০২১]
ক চীন খ সাবেক সোভিয়েত ইউনিয়ন
গ হাঙ্গেরি ঘ পোল্যান্ড — খ

৭. **কার নেতৃত্বে গ্লাসনস্ত বাস্তবায়িত হয়?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক: ১৭; তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক; ২০০৪]
ক মিখাইল গর্বাচেভ খ প্রেসিডেন্ট বুশ
গ স্টালিন ঘ ব্রেজনেভ — ক

৮. **পেরেস্ত্রইকা এর উদ্ভাবক কে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা -'১৯]
ক প্রেসিডেন্ট ক্লিনটন খ প্রেসিডেন্ট বুশ
গ মিখাইল গর্বাচেভ ঘ বরিস ইয়েলৎসিন — গ

৯. **জোট নিরপেক্ষ আন্দোলনের প্রথম সম্মেলন কোথায়, কবে অনুষ্ঠিত হয়?** [২৫তম ও ১৭তম বিসিএস]
ক হারারে, ১৯৮৯ খ বেলগ্রেড, ১৯৬১
গ জুন, ১৯৪৫ ঘ ডিসেম্বর, ১৯৫৫ — খ

১০. **সাবেক সোভিয়েত ইউনিয়নে গর্বাচেভ ক্ষমতাসীন হয়েছিলেন?** [তথ্য ও প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগামার-২০২০]
ক ১৯৮৫ সালে খ ১৯৮৬ সালে
গ ১৯৮৭ সালে ঘ ১৯৯০ সালে — ক

১১. **'গ্লাসনস্ত' কোন দেশে চালু হয়েছিল?** [বিআরটিএ-এর মোটরযান পরিদর্শক-২০১৭]
ক চীন খ সাবেক সোভিয়েত ইউনিয়ন
গ হাঙ্গেরি ঘ পোল্যান্ড — খ

১২. **কোনটি বিলুপ্ত হয়েছে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইনস্ট্রেক্টর ননটেক-১৮]
ক ওয়ারশ প্যাক্ট খ ন্যাটো
গ নাফটা ঘ অ্যাপেক — ক

১৩. **আনুষ্ঠানিকভাবে দুই জার্মানি একত্রিত হয় কবে?** [১৩তম বিসিএস]
ক ২ অক্টোবর, ১৯৯০ খ ৩ অক্টোবর, ১৯৯০
গ ৪ নভেম্বর, ১৯৯০
ঘ ৫ ডিসেম্বর, ১৯৯০ — খ

# স্নায়ুযুদ্ধ-২

## যুদ্ধোত্তর বিশ্ব

**যুগোস্লাভিয়ার পতন:** ১৯৯২ সালে যুগোস্লাভিয়া ভেঙ্গে যায়। বর্তমানে সাবেক যুগোশ্লাভিয়া হতে ৭টি রাষ্ট্রের জন্ম হয়েছে। যথা- সার্বিয়া, স্লোভেনিয়া, ক্রোয়েশিয়া, মন্টিনিগ্রো, বসনিয়া হার্জেগোভিনা, উত্তর মেসিডোনিয়া এবং কসোভো।

**ভেলভেট বিপ্লব (Velvet Revolution):** সময়কাল : ১৭ নভেম্বর, ১৯৮৯-২৯ ডিসেম্বর, ১৯৮৯ সালে সাবেক চেকশ্লোভাকিয়ায় সংঘটিত অহিংস সমাজতন্ত্র বিরোধী রাজনৈতিক আন্দোলন ভেলভেট বিপ্লব নামে পরিচিত। এই বিপ্লবের ফলে চেকোস্লোভাকিয়ায় একদলীয় কমিউনিস্ট শাসনের অবসান হয়। এই বিপ্লবকে Gentle Revolution ও বলা হয়। স্নায়ু-যুদ্ধ পরবর্তীকালে পূর্ব ইউরোপের চেকোশ্লোভাকিয়া ১৯৯৩ সালের ১ জানুয়ারি শান্তিপূর্ণভাবে ভেঙ্গে দুটি রাষ্ট্রের জন্ম হয়। যথা- চেক প্রজাতন্ত্র এবং স্লোভাকিয়া।

## Detente (দাঁতাত/দেতন্ত)

ফরাসি শব্দ যার অর্থ দু'দেশের মধ্যে উত্তেজনা বা বৈরিতা হ্রাস, টানাপোড়েন অবসান। এর অর্থ দু'দেশের মধ্যে সুসম্পর্ক পুনঃস্থাপন নয় বরং আপাতত উত্তেজনা হ্রাস ও শত্রুতার অবসান যা ভবিষ্যত সুসম্পর্কের ভিত্তি ও পরিবেশ রচনা করবে। স্নায়ুযুদ্ধকালীন সময়ে মার্কিন যুক্তরাষ্ট্র ও তৎকালীন সোভিয়েত ইউনিয়নের মধ্যে উত্তেজনা হ্রাসের লক্ষ্যে সম্পাদিত চুক্তি, উদ্যোগ ও আলোচনাকে দাঁতাত বলে উল্লেখ করা যায়। অক্সফোর্ড ইংলিশ ডিকশনারী অনুসারে শব্দটি প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে উপর্যুক্ত অর্থে ব্যবহার করা হয় সত্তরের দশকের শুরুতে মার্কিন যুক্তরাষ্ট্র ও তদানীন্তন সোভিয়েত ইউনিয়ন এর মধ্যে উত্তেজনা যথেষ্ট হ্রাসের ফলে বিদ্যমান পরিস্থিতি বুঝাতে শব্দটি ব্যাপকভাবে ব্যবহৃত হতো।

**SALT-I:** যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে এ চুক্তিটি স্বাক্ষরিত হয়-২৬ মে, ১৯৭২ সালে। এর লক্ষ্য ও উদ্দেশ্য এন্টি ব্যালিস্টিক মিসাইল সিস্টেম সীমিতকরণ।

**SALT-2:** যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে এ চুক্তিটি স্বাক্ষরিত হয়-১৮ জুন, ১৯৭৯ সাল। এর লক্ষ্য ও উদ্দেশ্য আক্রমণাত্মক অস্ত্র ২৪০০-এর মধ্যে এবং নিক্ষেপকারী ক্ষেপণাস্ত্র ২২৫০-এর মধ্যে সীমিত করা। মার্কিন সিনেট SALT-II চুক্তিটি অনুমোদন করেনি।

## NEW START

- Strategic Arms Reduction Treaty (NEW START) :
- স্বাক্ষরিত হয়– ২০১০ সালের ৮ এপ্রিল।
- চুক্তিতে স্বাক্ষরকারী দেশ– রাশিয়া ও যুক্তরাষ্ট্র।
- চুক্তির বিষয়– কৌশলগত অস্ত্র হ্রাসসংক্রান্ত চুক্তি।

## PTBT

**PTBT এর পূর্ণরূপ–** Partial Test Ban Treaty

**স্বাক্ষর:** ৫ আগস্ট, ১৯৬৩

**কার্যকর:** ১০ অক্টোবর, ১৯৬৭

**চুক্তিকারী পক্ষ:** মস্কো, সোভিয়েত ইউনিয়ন।

* এটি একটি বহুপাক্ষিক চুক্তি।

## মহাশূন্য চুক্তি (Outer Space Treaty)

| | |
|---|---|
| স্বাক্ষরিত | ২৭ জানুয়ারি, ১৯৬৭ সালে |
| কার্যকর | ১০ অক্টোবর, ১৯৬৭ সালে |
| পক্ষ-বিপক্ষ | যুক্তরাষ্ট্র, ইংল্যান্ড ও সোভিয়েত ইউনিয়ন |
| উদ্দেশ্য | শান্তিপূর্ণভাবে মহাকাশ ব্যবহার |

## আফগান-সোভিয়েত যুদ্ধ (Afghan War)

সোভিয়েত ইউনিয়ন আফগানিস্তান আক্রমণ করে ১৯৭৯ সালে। তখন সোভিয়েত ইউনিয়ন বলে যে, সোভিয়েত বাহিনীকে আফগানিস্তানে সীমিতভাবে অল্প কয়েক দিনের জন্য পাঠানো হবে। কিন্তু আফগান যুদ্ধ দীর্ঘস্থায়ী হয় এবং ১৯৮৮ সালে সোভিয়েত বাহিনী ফিরে আসে। আফগানিস্তান দীর্ঘকাল রুশ সাম্রাজ্য ও ব্রিটিশ ভারতের মাঝে একটি Buffer State ছিলো। সেসময় ব্রিটিশরা কয়েকবার আফগানিস্তান দখল করতে গিয়ে ব্যর্থ হয়ে ফিরে আসে। ১৯৭০ সালের দিকে সোভিয়েত ইউনিয়ন আফগানিস্তানে একটি সমাজতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করার জন্য বদ্ধপরিকর হয়। সোভিয়েত গোয়েন্দাদের নিকট তথ্য ছিলো মার্কিনীরা সেখানে তাদের তাবেদার সরকার প্রতিষ্ঠা করতে চায়। আফগানিস্তান সমস্যা নিয়ে স্নায়ুযুদ্ধের উত্তেজনা নতুন করে বৃদ্ধি পায় ১৯৭৯ সালের শেষের দিকে। একে ঐতিহাসিকেরা New Cold War বলে আখ্যা দিয়েছেন। পাকিস্তানের গোয়েন্দা সংস্থা ISI (Inter Services Intelligence) এর মাধ্যমে মার্কিন গোয়েন্দা সংস্থা CIA (Central Intelligence Agency) এর বিপুল পরিমাণের গোলাবারুদ আফগান মুজাহিদীনদের নিকট যেতে শুরু করে। এর ফলে যুদ্ধ দীর্ঘস্থায়ী হয়।

আফগান যুদ্ধ ৮ বছর স্থায়ী হয়েছিল। এ যুদ্ধ সোভিয়েত ইউনিয়নের জন্য Reverse Vietnam War হয়ে যায়। ভিয়েতনাম যুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে সোভিয়েত ইউনিয়ন ও চীন যে কাজটি করেছিলো আফগান যুদ্ধে সে একই কৌশল প্রয়োগ করা হয়েছিল সোভিয়েতের বিরুদ্ধে।

১৯৮৫ সালের মাঝামাঝিতে সোভিয়েত ইউনিয়নের ক্ষমতার পালাবদল ঘটে। এ সময় সোভিয়েত ইউনিয়নের সর্বোচ্চ নেতা হন মিখাইল গর্বাচেভ। তিনি কিছুটা নমনীয় নীতি গ্রহণ করেন। তিনি ক্ষমতায় এসে সোভিয়েত বাহিনীকে আফগানিস্তান হতে প্রত্যাহারের ঘোষণা দেন। সকল সৈন্য প্রত্যাহার করতে ৩ বছর সময় লেগে যায়।

## স্নায়ুযুদ্ধের অবসান (Decline of Cold War)

স্নায়ুযুদ্ধের অবসান নিয়ে মত পার্থক্য থাকলেও সোভিয়েত ইউনিয়নের পতনের মধ্য দিয়েই স্নায়ুযুদ্ধের আনুষ্ঠানিক সমাপ্তি ঘটেছে বলে ধরে নেয়া হয়। কেননা সমাজতান্ত্রিক দেশগুলো থেকে সমাজতান্ত্রিক শাসনের অবসান, সামরিক জোট WARSAW Pact এর অবসান এবং চূড়ান্তভাবে সোভিয়েতের অবসানকে স্নায়ুযুদ্ধের অবসান বলে। ১৯৮৯ সালের ২ এপ্রিল The New York Times এ প্রকাশিত এক নিবন্ধে মার্কিন যুক্তরাষ্ট্র এককভাবে ঠান্ডাযুদ্ধের অবসানের ঘোষণা প্রদান করে। একই বছরের ৩ ডিসেম্বর দুই Super Power এর দুই নেতা মার্কিন রাষ্ট্রপতি জর্জ বুশ ও সোভিয়েত নেতা গর্বাচেভ আনুষ্ঠানিক ও সরকারিভাবে দু'দেশের মধ্য চলতে থাকা প্রায় ৫০ বছরের দ্বন্দের অবসান ঘোষণা করেন। তবে ঘোষণা করলেও স্নায়ুযুদ্ধের সমাপ্তি ঘটেনি। এরপরও বেশ কিছুদিন স্নায়ুযুদ্ধের রেশ থেকে যায়।

## সোভিয়েত ইউনিয়নের পতন

যেহেতু স্নায়ুযুদ্ধ ছিল সোভিয়েতে ইউনিয়ন ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে আদর্শিক দ্বন্দ্ব, সেহেতু ১৯৯০ সালের ৩ অক্টোবর আনুষ্ঠানিকভাবে দুই জার্মানি একত্রীকরণের মধ্য দিয়ে সোভিয়েত ইউনিয়নের পতন আনুষ্ঠানিকভাবে স্নায়ুযুদ্ধের অবসান ঘটায়। সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫টি স্বাধীন রাষ্ট্রের জন্ম প্রবল পরাক্রমশালী পুঁজিবাদী শক্তিকে চ্যালেঞ্জ জানাতে অপরাগতা প্রকাশ করে।

১৯৮৫ সালে গর্বাচেভ যখন সোভিয়েত কমিউনিস্ট পার্টির ক্ষমতা দখল করে তখন অর্থনৈতিক অবস্থা ছিল অত্যন্ত শোচনীয়। শাসক দলের দুর্নীতি, সমাজতন্ত্রের বিকৃতি, পুঁজিবাদকে চ্যালেঞ্জ জানানোর শক্তি হারিয়ে ফেলে। ফলে গর্বাচেভ গ্লাসনস্ত (Glasnost) খোলামেলা ও পেরেস্ত্রৈকা (Perestroika) উন্নয়ন নীতি গ্রহণ করে। মূলত সোভিয়েত ইউনিয়নের অর্থনৈতিক বিপর্যয় ও সমাজতন্ত্রের পতনই স্নায়ুযুদ্ধের অবসানকে ত্বরান্বিত করেছে।

সোভিয়েত ইউনিয়নের অর্থনৈতিক স্থবিরতার কারণে যে রাজনৈতিক সংকটের জন্ম হয়েছিল তা কাটিয়ে উঠা তার পক্ষে সম্ভব ছিল না। আর্থিক দুরবস্থা পররাষ্ট্রনীতি বাস্তবায়নের পক্ষেও বাধা হয়ে দাঁড়ায়। সোভিয়েত ইউনিয়ন দেশের অভ্যন্তরে ও আন্তর্জাতিক পরিমণ্ডলে নিজের আকর্ষণীয়তা হারিয়ে ফেলে।

## গুরুত্বপূর্ণ তথ্য

- স্নায়ুযুদ্ধ হলো ⇨ মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়নের মতাদর্শগত যুদ্ধ।
- স্নায়ুযুদ্ধ যে দুটি মতাদর্শের মধ্যে বিদ্যমান ছিল ⇨ পুঁজিবাদ ও সমাজতন্ত্র।
- স্নায়ুযুদ্ধে পুঁজিবাদী মতাদর্শের নেতৃত্ব যে দেশের হাতে ছিল ⇨ মার্কিন যুক্তরাষ্ট্র।
- স্নায়ুযুদ্ধে সমাজতান্ত্রিক শিবিরের নেতৃত্ব যে দেশের হাতে ছিল ⇨ সোভিয়েত ইউনিয়ন।
- স্নায়ুযুদ্ধ আসলে যুদ্ধও নয়, শান্তি নয়, এমন একটি অবস্থা - মন্তব্যটি করেছিলেন ⇨ ফ্রাঙ্কল।
- স্নায়ুযুদ্ধের সূচনা হয় ⇨ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে।
- স্নায়ুযুদ্ধের অবসান ঘটে ⇨ ১৯৯০ সালে দুই জার্মানি একত্রীকরণের মধ্য দিয়ে।
- স্নায়ুযুদ্ধের কয়েকটি বৈশিষ্ট্য-
  ⇨ দ্বি-মেরুকৃত ব্যবস্থা, পরাশক্তির উত্থান, যুদ্ধ না করে ভয় দেখিয়ে প্রভাব বিস্তার ইত্যাদি।
- The clash of civlization তত্ত্বের প্রবর্তক কে ⇨ স্যামুয়েল হান্টিংটন (S.P Huntington)|
- গণতন্ত্রের বিকাশকে "Third wave of Democracy" বলে অভিহিত করেছেন তিনি হলেন ⇨ Huntington.
- স্নায়ুযুদ্ধের অবসানের কয়েকটি কারণ উল্লেখ করা হলো-
  (ক) সোভিয়েত ইউনিয়নের পতন, (খ) সমাজতান্ত্রিক অর্থনীতির পতন এবং (গ) সমাজতন্ত্রের অন্তঃসারশূন্যতা।
- গ্লাসনস্ত অর্থ ⇨ খোলামেলা আলোচনা।
- যে সালে ট্রুম্যান নীতি ঘোষণা করা হয় ⇨ ১৯৪৭ সালের ১২ মার্চ।
- মার্শাল পরিকল্পনা ঘোষিত হয় ⇨ ১৯৪৭ সালের ৫ জুন।
- কোরিয়া যুদ্ধ শুরু হয় ⇨ ১৯৫০ সালে।
- সিয়াটো (SEATO) সম্পাদিত হয় ⇨ ১৯৫৪ সালে।
- Warsaw Pact সম্পাদিত হয় ⇨ ১৯৫৫ সালে।
- স্নায়ুযুদ্ধের প্রথম স্তরের সময়কাল ⇨ ১৯৪৫-১৯৫০।
- স্নায়ুযুদ্ধের দ্বিতীয় স্তরের সময়কাল ⇨ ১৯৫০-১৯৫৩।
- স্নায়ুযুদ্ধের তৃতীয় স্তরের সময়কাল ⇨ ১৯৫৩-১৯৫৯।
- ইতালি হলো ইউরোপের মূল কেন্দ্র, সেখানে যদি কমিউনিস্টরা জয়ী হয় তাহলে ভূমধ্যসাগরীয় অঞ্চলে আমাদের পরাজয় ঘটবে- উক্তিটি করেন ⇨ জর্জ কেনান (George F. Kennan).
- স্নায়ুযুদ্ধের অন্যতম কারণ হলো ⇨ মার্কিন যুক্তরাষ্ট্রের কমিউনিস্ট ভীতি।
- যুক্তরাষ্ট্র এককভাবে স্নায়ুযুদ্ধের অবসান ঘোষণা করেন ⇨ ২ এপ্রিল ১৯৮৯ সালে The New York Times পত্রিকায় (George HW Brush)|
- আনুষ্ঠানিক স্নায়ুযুদ্ধের অবসান ঘোষণা করা হয় ⇨ ৩ ডিসেম্বর, ১৯৮৯ সালে (জর্জ বুশ ও মিখাইল গর্বাচেভ)।
- স্নায়ুযুদ্ধের অবসানের কারণ হিসেবে গণতন্ত্রকে দায়ী করেন ⇨ S.P Huntington (যা Third Wave of Democracy নামে খ্যাত।
- স্নায়ুযুদ্ধের অবসানকে End of History বলে অভিহিত করেন কে ⇨ ফুকুয়ামা।
- মিখাইল গর্বাচেভ ক্ষমতা গ্রহণ করেন ⇨ ১৯৮৫ সালে।



## এক কথায় উত্তর

১. 'SALT-1' স্বাক্ষরিত হয় কোন দুটি দেশের মধ্যে?
উত্তর: যুক্তরাষ্ট্র ও রাশিয়া ।

২. 'যুগোস্লাভিয়া' হতে কতটি রাষ্ট্রর জন্ম হয়?
উত্তর: ৭টি

৩. 'Outer Space Treaty' স্বাক্ষরিত হয় কবে?
উত্তর: ১৯৬৭ সালে ।

৪. নিচের কোন চুক্তিটি যুক্তরাষ্ট্রের সিনেটে অনুমোদিত হয় নি?
উত্তর: সল্ট-২ চুক্তি ।

৫. সোভিয়েত ইউনিয়ন কবে আফগানিস্তান আক্রমণ করে?
উত্তর: ১৯৭৯ সালে ।

৬. দুই জার্মানির আনুষ্ঠানিক একত্রীকরণ করা হয় কবে?
উত্তর: ৩ অক্টোবর, ১৯৯০ ।

৭. স্নায়ুযুদ্ধ যে দুটি মতাদর্শের মধ্যে বিদ্যমান ছিল?
উত্তর: পুঁজিবাদ ও সমাজতন্ত্র ।

৮. স্নায়ুযুদ্ধের সূচনা হয় কখন?
উত্তর: দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ।

৯. ট্রুম্যান নীতি ঘোষণা করা হয় কবে?
উত্তর: ১৯৪৭ সালে ।

১০. 'Warsaw Pact' সম্পাদিত হয় কবে?
উত্তর: ১৯৫৫ ।

## Teacher's Work

১. START-2 কী? [২৭ তম বিসিএস]
ক টিভিতে সম্প্রচারিত একটি সিরিয়াল
খ বাণিজ্যসংক্রান্ত একটি চুক্তি
গ কৌশলগত অস্ত্র হ্রাস সংক্রান্ত চুক্তি
ঘ এর কোনোটিই নয় — গ

২. স্ট্রার্ট-২ চুক্তি কোন দুটি দেশের মধ্যে স্বাক্ষরিত হয়? [নির্বাচন কমিশন সচিবালয়ে জেলা নির্বাচন অফিসার ও সহকারী সচিব- ২০১৭]
ক যুক্তরাষ্ট্র-জার্মানি
খ যুক্তরাষ্ট্র-রাশিয়া
গ রাশিয়া-চীন
ঘ যুক্তরাষ্ট্র-ফ্রান্স — খ

৩. Outer Space Treaty কবে স্বাক্ষরিত হয়?
ক ১৯৬০ সালে
খ ১৯৬২ সালে
গ ১৯৬৭ সালে
ঘ ১৯৭০ সালে — গ

## Unique Question for Student Practice

১. Anti-Ballistic Missile Treaty স্বাক্ষরিত হয়েছিল কবে?
ক ১৯৭০ সালে
খ ১৯৭২ সালে
গ ১৯৭৩ সালে
ঘ ১৯৭৯ সালে — খ

২. যুক্তরাষ্ট্র কবে এককভাবে ABM (Anti Ballistic Missile) চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে?
ক জুন ২০০১
খ জুন ২০০০
গ জুন ২০০২
ঘ জুন ২০০৩ — গ

৩. নিচের কোন চুক্তিটি যুক্তরাষ্ট্রের সিনেটে অনুমোদিত হয়নি?
ক এবিএম চুক্তি
খ সল্ট-১ চুক্তি
গ সল্ট-২ চুক্তি
ঘ স্টার্ট-১ চুক্তি — গ

৪. রাশিয়ার কোন প্রেসিডেন্ট দেশে অবাধে জমি কেনা-বেচার অনুমোদন দিয়ে ফরমান জারি করেছিলেন?
ক ক্রুশ্চেভ
খ ব্রেজনেভ
গ গর্বাচেভ
ঘ বরিস ইয়েলৎসিন — গ

৫. প্রথম আফগান যুদ্ধ সংগঠিত হয়?
ক ১৮৪৮
খ ১৮৪৩
গ ১৮৩৩
ঘ ১৮৩৯ — ঘ

৬. আফগানিস্তানের সাথে সর্বাধিক সীমান্ত এলাকা কোন দেশের?
ক পাকিস্তান
খ ভারত
গ চীন
ঘ মিয়ানমার — ক

৭. কয়টি দেশের সাথে আফগানিস্তানের অভিন্ন সীমান্ত রয়েছে?
ক ৪
খ ৫
গ ৭
ঘ ৬ — ঘ

৮. কার সম্বন্ধে মার্গারেট থ্যাচার উক্তি করেন যে, "এই লোকের সাথে আমরা কাজ করতে পারি?"
ক হেনরি কিসিঞ্জার
খ চৌ এন লাই
গ নিকিতা ক্রুশ্চেভ
ঘ মিখাইল গর্বাচেভ — ঘ

৯. 'অভিন্ন ইউরোপীয় বাসভূমি' এই মতবাদের প্রবক্তা কে?
ক মিখাইল গর্বাচেভ
খ হিটলার
গ উড্রো উইলসন
ঘ বিল ক্লিনটন — ক

১০. একনায়ক চসেস্কু কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন?
ক রুমানিয়া
খ হাঙ্গেরি
গ পোল্যান্ড
ঘ বুলগেরিয়া — ক

১১. 'Velvet Revolution' কী?
ক Velvet সামগ্রীর উৎপাদন
খ সাবেক চেকোস্লোভাকিয়ার সমাজতন্ত্র বিরোধী আন্দোলন
গ গর্বাচেভের কর্মসূচি
ঘ এর কোন অস্তিত্ব নেই — খ

১২. সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে কয়টি রাষ্ট্র গঠন করা হয়েছিল?
ক ১২
খ ১৩
গ ১৪
ঘ ১৫ — ঘ

**১৩. আনুষ্ঠানিকভাবে সোভিয়েত ইউনিয়ন কত সালে বিলুপ্ত করা হয়?**
ক ১৯৯০ খ ১৯৯২
গ ১৯৯১ ঘ ১৯৯৪ গ

**১৪. USSR বিলুপ্ত হয় কবে?**
ক ২৫ ডিসেম্বর, ১৯৯০ খ ২৬ ডিসেম্বর, ১৯৯১
গ ১ জানুয়ারি, ১৯৯১ ঘ ৩১ জানুয়ারি, ১৯৯১ খ

**১৫. ইউক্রেন কবে স্বাধীন হয়?**
ক ১৯৮৭ সালে খ ১৯৯২ সালে
গ ১৯৯১ সালে ঘ ১৯৮৬ সালে গ

**১৬. Outer Space Treaty কবে স্বাক্ষরিত হয়?**
ক ১৯৬০ সালে খ ১৯৬২ সালে
গ ১৯৬৭ সালে ঘ ১৯৭০ সালে গ

**১৭. সাম্প্রতিক অতীতে বিশ্বের মানচিত্র থেকে কোন দেশটির বিলুপ্তি ঘটেছে?**
ক যুগোস্লাভিয়া খ ফিলিস্তিন
গ বসনিয়া ঘ সার্বিয়া ক

**১৮. ১৯৯৩ সালে 'ভেলভেট ডিভোর্স' এর ফলে কোন দুটি দেশের জন্ম হয়?**
ক রাশিয়া ও জর্জিয়া খ চেক প্রজাতন্ত্র ও স্লোভাকিয়া
গ বসনিয়া ও সার্বিয়া ঘ টুভ্যালু ও নাউরু খ

**১৯. স্নায়ু-যুদ্ধ পরবর্তীকালে পূর্ব ইউরোপের যে দেশটি শান্তিপূর্ণভাবে বিভক্ত হয়েছে?**
ক চেকোস্লোভাকিয়া খ যুগোশ্লাভিয়া
গ হাঙ্গেরি ঘ পূর্ব জার্মানি ক

**২০. The Clash of Civilizations and the Remaking of the World Order গ্রন্থটি কে লিখেছেন?**
ক স্যামুয়েল পি হান্টিংটন খ কার্ল মার্কস
গ বিল ক্লিনটন ঘ অমর্ত্য সেন ক

**২১. গ্রানাডাতে যুক্তরাষ্ট্র কতসালে সামরিক আগ্রাসন চালিয়েছিল?**
ক ১৯৭৯ সালে খ ১৯৮৩ সালে
গ ১৯৮৫ সালে ঘ ১৯৮৭ সালে খ

**২২. কোন স্থানে রোনাল্ড রিগ্যান ও মিখাইল গর্বাচেভ অস্ত্র সীমিতকরণ 'তারকাযুদ্ধ' বিষয়ে আলোচনায় বসেন?**
ক হেলসিঙ্কি খ কোপেনহেগেন
গ রিকজাভিক ঘ আজারবাইজান গ

**২৩. ভেলভেট বিপ্লব কোথায় সংঘটিত হয়?**
ক ইতালি খ আফগানিস্তান
গ চেকোস্লোভাকিয়া ঘ রাশিয়া গ

**২৪. দাঁতাত বলতে বুঝায়?**
ক বৈরিতা হ্রাস খ বৈরিতা বৃদ্ধি
গ বন্ধুত্ব হ্রাস ঘ বন্ধুত্ব বৃদ্ধি ক

**২৫. INF (Intermediate-Range Nuclear Forces Treaty) এর পক্ষসমূহ কারা?**
ক যুক্তরাষ্ট্র-জার্মানি খ যুক্তরাষ্ট্র-সোভিয়েত ইউনিয়ন
গ জার্মানি-ফ্রান্স ঘ যুক্তরাষ্ট্র-জাপান খ

## Home Work

**১. কত সালে আফগানিস্তান থেকে সোভিয়েত সৈন্য প্রত্যাহার করা হয়?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
ক ১৯৮৮ সালে খ ১৯৮৯ সালে
গ ১৯৯০ সালে ঘ ১৯৯১ সালে খ

**২. যুক্তরাষ্ট্র কবে এককভাবে ABM (Anti-Ballistic Missile) চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে?** [৩৬তম বিসিএস]
ক জুন ২০০১ খ জুন ২০০০
গ জুন ২০০২ ঘ জুন ২০০৩ গ

**৩. চেকোস্লোভাকিয়া কত সালে ভেঙ্গে দুটো রাষ্ট্রে পরিণত হয়?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা -১৬]
ক ১৯৮৯ সালে খ ১৯৯০ সালে
গ ১৯৯৩ সালে ঘ ১৯৯৫ সালে গ

**৪. স্নায়ুযুদ্ধোত্তর বিশ্বের সভ্যতার সংঘাত হবে বলে কে মত প্রকাশ করেন?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ২০]
ক হেনরি কিসিঞ্জার খ কার্ল মার্কস
গ স্যামুয়েল হানটিংটন ঘ জন মেজর গ

**৫. USSR বিলুপ্ত হয় কবে?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার- ১৭]
ক ২৫ ডিসেম্বর, ১৯৯০ খ ২৬ ডিসেম্বর, ১৯৯১
গ ১ জানুয়ারি, ১৯৯১ ঘ ৩১ জানুয়ারি, ১৯৯১ খ

**৬. সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫টি রাষ্ট্র গঠিত হয়?** [ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা: ২০১৬]
ক ১৯৯০ সনে খ ১৯৯১ সনে
গ ১৯৯২ সনে ঘ ১৯৯৭ সনে খ

**৭. ইউক্রেন কবে সোভিয়েত ইউনিয়ন থেকে পৃথক হয়?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ২০]
ক ২৪ আগস্ট, ১৯৯১ খ ১৫ জুলাই, ১৯৯১
গ ২৫ সেপ্টেম্বর, ১৯৯১ ঘ ১০ ডিসেম্বর, ১৯৯১ গ

**৮. যুগোস্লাভিয়ার পতন হয় কত সালে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ২০১২]
ক ১৯৯২ সালে খ ১৯৯২ সালে
গ ১৭৯৮ সাল ঘ ১৮৯৮ সাল ক

**৯. Anti-Ballistic Missile Treaty স্বাক্ষরিত হয়েছিল কবে?** [পরিবার পরিকল্পনা সহকারী পরিদর্শক-১৭]
ক ১৯৭০ সালে খ ১৯৭২ সালে
গ ১৯৭৩ সালে ঘ ১৯৭৯ সালে খ



# Class Test



## স্নায়ুযুদ্ধ-১

**১. USSR বিলুপ্ত হয় কবে?**
(ক) ২৫ ডিসেম্বর, ১৯৯০ (খ) ২৬ ডিসেম্বর, ১৯৯১
(গ) ১ জানুয়ারি, ১৯৯১ (ঘ) ৩১ জানুয়ারি, ১৯৯১

**২. বার্লিনের দেওয়াল কোন সালে নির্মিত হয়েছিল?**
(ক) ১৯৪৬ (খ) ১৯৪৮
(গ) ১৯৬১ (ঘ) ১৯৬২

**৩. পশ্চিম ইউরোপে 'ট্রুম্যান ডকট্রিন' কবে ঘোষণা করা হয়?**
(ক) ১৯৪৭ (খ) ১৯৪৯
(গ) ১৯৫১ (ঘ) ১৯৫২

**৪. যুক্তরাষ্ট্রের কোন প্রেসিডেন্টের সময় নক্ষত্র যুদ্ধ প্রোগ্রাম শুরু হয়?**
(ক) রিচার্ড নিক্সন (খ) জিমি কার্টার
(গ) রোনাল্ড রিগ্যান (ঘ) জর্জ বুশ

**৫. USSR বিলুপ্ত হয় কবে?**
(ক) ২৫ ডিসেম্বর, ১৯৯০ (খ) ২৬ ডিসেম্বর, ১৯৯১
(গ) ১ জানুয়ারি, ১৯৯১ (ঘ) ৩১ জানুয়ারি, ১৯৯১

**৬. পেরেস্ত্রইকা এর উদ্ভাবক কে?**
(ক) প্রেসিডেন্ট ক্লিনটন (খ) প্রেসিডেন্ট বুশ
(গ) মিখাইল গর্বাচেভ (ঘ) বরিস ইয়েলৎশিন

**৭. 'গ্লাসনস্ত'-এর অর্থ কী?**
(ক) সমাজতন্ত্রের সংগঠন
(খ) সমাজতন্ত্র ও গণতন্ত্রের মধ্যে সামঞ্জস্য বিধান
(গ) খোলামেলা আলোচনা
(ঘ) সমাজতন্ত্রের পরিবর্তে গণতন্ত্র প্রতিষ্ঠান

**৮. বার্লিন প্রাচীর তৈরি করেছিল?**
(ক) সাবেক পূর্ব জার্মানি (খ) সাবেক পশ্চিম জার্মানি
(গ) দুই জার্মানি একত্রে (ঘ) রাশিয়া

**৯. 'Cold War' হচ্ছে–**
(ক) যুদ্ধের নাম (খ) শীতকালীন যুদ্ধ
(গ) স্নায়ুযুদ্ধ (ঘ) যুদ্ধবিরতী

**১০. জর্জ কেনান মার্কিন কূটনীতির ক্ষেত্রে কেন প্রসিদ্ধ?**
(ক) কূটনীতির নতুন ধারণা দেন
(খ) 'Containment Doctrine'- এর প্রবক্তা
(গ) Detente প্রক্রিয়ার কর্ণধার
(ঘ) নিবারক তত্ত্বের জন্মদাতা

biddabari উত্তরমালা

| | |
|---|---|
| ১ | খ |
| ২ | গ |
| ৩ | ক |
| ৪ | গ |
| ৫ | খ |
| ৬ | গ |
| ৭ | গ |
| ৮ | ক |
| ৯ | গ |
| ১০ | খ |

## স্নায়ুযুদ্ধ-২

**১. Anti Ballistic Missile Treaty স্বাক্ষরিত হয় কবে?**
(ক) ১৯৭০ সালে (খ) ১৯৭২ সালে
(গ) ১৯৭৩ সালে (ঘ) ১৯৭৯ সালে

**২. যুক্তরাষ্ট্র কবে এককভাবে ABM (Anti Ballistic Missile) চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে?**
(ক) জুন ২০০১ (খ) জুন ২০০০
(গ) জুন ২০০২ (ঘ) জুন ২০০৩

**৩. নিচের কোন চুক্তিটি যুক্তরাষ্ট্রের সিনেটে অনুমোদিত হয়নি?**
(ক) এবিএম চুক্তি (খ) সল্ট-১ চুক্তি
(গ) সল্ট-২ চুক্তি (ঘ) স্টার্ট-১ চুক্তি

**৪. সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে কয়টি রাষ্ট্র গঠন করা হয়েছিল?**
(ক) ১২টি (খ) ১৩টি (গ) ১৪টি (ঘ) ১৫টি

**৫. আনুষ্ঠানিকভাবে সোভিয়েত ইউনিয়ন কত সালে বিলুপ্ত করা হয়?**
(ক) ১৯৯০ (খ) ১৯৯২ (গ) ১৯৯১ (ঘ) ১৯৯৪

**৬. 'Velvet Revolution' কি?**
(ক) Velvet সামগ্রীর উৎপাদন
(খ) সাবেক চেকোস্লোভাকিয়ার সমাজতন্ত্র বিরোধী আন্দোলন
(গ) গর্বাচেভের কর্মসূচি
(ঘ) এর কোন অস্তিত্ব নেই

**৭. সাম্প্রতিক অতীতে বিশ্বের মানচিত্র থেকে কোন দেশটির বিলুপ্তি ঘটেছে?**
(ক) যুগোস্লাভিয়া (খ) ফিলিস্তিন
(গ) বসনিয়া (ঘ) সার্বিয়া

**৮. ১৯৯৩ সালে 'ভেলভেট ডিভোর্স' এর ফলে কোন দুটি দেশের জন্ম হয়?**
(ক) রাশিয়া ও জর্জিয়া
(খ) চেক প্রজাতন্ত্র ও স্লোভাকিয়া
(গ) বসনিয়া ও সার্বিয়া
(ঘ) টুভ্যালু ও নাউরু

**৯. স্নায়ু-যুদ্ধ পরবর্তীকালে পূর্ব ইউরোপের যে দেশটি শান্তিপূর্ণভাবে বিভক্ত হয়েছে?**
(ক) চেকোস্লোভাকিয়া
(খ) যুগোশ্লাভিয়া
(গ) হাঙ্গেরি
(ঘ) পূর্ব জার্মানি

**১০. চেকোস্লোভাকিয়া কত সালে ভেঙ্গে দুটো রাষ্ট্রে পরিণত হয়?**
(ক) ১৯৮৯ সালে (খ) ১৯৯০ সালে
(গ) ১৯৯৩ সালে (ঘ) ১৯৯৫ সালে

biddabari উত্তরমালা

| | |
|---|---|
| ১ | খ |
| ২ | গ |
| ৩ | গ |
| ৪ | ঘ |
| ৫ | গ |
| ৬ | খ |
| ৭ | ক |
| ৮ | গ |
| ৯ | ক |
| ১০ | গ |